গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
ভৌত অবকাঠামো বিভাগ

নং- পক/ভৌপাপাগৃ/এলজিইডি-২৪/৯৫/৩৮২ তারিখ : ০১-০২-১৪০২বাং/১৫-০৫-১৯৯৫ইং

পরিকল্পনা কমিশনের সদস্য (ভৌত অবকাঠামো) জনাব কাজী সামসুল আলম এর সভাপতিত্বে গত ২৫-৪-৯৫ ইং তারিখে অনুষ্ঠিত বিশেষ প্রকল্প মুল্যায়ন কমিটি সভার কার্যবিবরণী সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে সংযুক্ত করিয়া প্রেরণ করা হইল ।

(ডঃ মোহাম্মদ মহিউদ্দিন আবদুল্লাহ)
সহকারী প্রধান
ফোন : ৩১৭২২১
ইন্টার কম : ১০৪

বিতরণ :

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।
৩। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষন ও মুল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।
৫। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৮। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৯। সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১০। সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১২। সচিব, শিশু ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা ।
১৪। বিভাগীয় প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।
১৫। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ৫/৭, লালমাটিয়া, ব্লক-সি, ঢাকা ।
১৬। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন ম্যানশন, ৫৯/সি, দিলকুশা বা/এ, ঢাকা ।
১৭। ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ বিমান, বিমান ভবন, মতিঝিল বা/এ, ঢাকা ।
১৮। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-৪৩ মতিঝিল বা/এ, ঢাকা ।

নং-পক/ভৌপাপাগৃ/এলজিইডি-২৪/৯৫/৩৮২ তারিখ : ০১-০২-১৪০২বাং/১৫-০৫-১৯৯৫ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

১। সদস্য মহোদয়ের একান্ত সচিব, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।
২। বিভাগীয় প্রধান মহোদয়ের একান্ত সহকারী, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যোগাযোগ উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।
৫। উপ-প্রধান, রেল পরিবহণ উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।

১৫/৫/৯৫

(ডঃ মোহাম্মদ মহিউদ্দিন আবদুল্লাহ)
সহকারী প্রধান

৪.২.২ প্রস্তাবিত ২১টি পৌরসভা ও ১টি থানা কিসের ভিত্তিতে নির্ধারন করা হইয়াছে সভাপতি মহোদয় তাহা জানিতে চাহিলে সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি উল্লেখ করেন যে, পানির চাহিদা ও আনুষাংগিক কাজের অগ্রাধিকার বিবেচনা করিয়া প্রস্তাবিত স্থানগুলি নির্ধারন করা হইয়াছে। এই প্রসংগে সভাপতি মহোদয় জানিতে চাহেন যে, বিগত ১১/১২/৯৩ইং তারিখে অনুষ্ঠিত এসপিইসি সভায় বিবেচিত কারিগরী প্রকল্প ছক(টিএপিপি) হইতে যে সমস্ত পৌরসভা বাদ দেওয়া হইয়াছে এবং বর্তমানে প্রস্তাবিত কারিগরী প্রকল্প ছকে(টিএপিপি) যে সমস্ত নতুন পৌরসভা অন্তর্ভূক্ত করা হইয়াছে তাহার কোন বিবরণী আলোচ্য টিএপিপিতে সন্নিবেশিত করা হয় নাই। তাহাছাড়া ২১টি পৌরসভার মধ্যে ১টি থানা অন্তর্ভূক্তির যৌক্তিকতাও সুস্পষ্ট নয়। এই প্রেক্ষিতে সভাপতি মহোদয় মন্তব্য করেন যে, আলোচ্য টিএপিপিতে উপরোক্ত তথ্যগুলি সন্নিবেশিত করিয়া টিএপিপি পুনঃ বিবেচনার জন্য পেশ করাই বাঞ্চনীয় হইবে।

৪.৩

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহীত হয় :-

(ক) প্রকল্পটির বিবেচনা আপাততঃ স্থগিত রাখা হইল।

(খ) বিগত ১১/১২/৯৩ ইং তারিখে অনুষ্ঠিত এসপিইসি সভায় বিবেচিত কারিগরী প্রকল্প ছক (টিএপিপি) হইতে যেই সমস্ত পৌরসভা/থানা বাদ দেওয়া হইয়াছে এবং বর্তমানে প্রস্তাবিত কারিগরী সহায়তা প্রকল্প ছকে (টিএপিপি) যে সমস্ত নতুন পৌরসভা/থানা অন্তর্ভূক্ত করা হইয়াছে তাহার যৌক্তিকতা টিএপিপিতে সন্নিবেশিত করিয়া টিএপিপি পুনঃ পেশ করিতে হইবে। ১১/১২/৯৩ইং তারিখে অনুষ্ঠিত এসপিইসি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হইয়াছে কিনা এবং না করা হইয়া থাকিলে তাহার কারন বর্ননা করিতে হইবে।

(গ) এই কারিগরী সহায়তা প্রকল্পে অর্থায়ন প্রাপ্তির ব্যাপারে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আইডিবিকে পুনরায় অনুরোধ করিবে।

৫। আলোচ্যসূচী - ৪

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : "বাংলাদেশে মানবাধিকার সংক্রান্ত প্রাতিষ্ঠানিক [illegible] লক্ষ্যে গবেষনা এবং এই বিষয়ে এশীয় দেশসমূহের অভিজ্ঞতা সংক্রান্ত সমীক্ষা প্রকল্প।" | |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | |
| বাস্তবায়ন সংস্থা | : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | |
| প্রাক্কলিত ব্যয় | : মোট | : ২৭৪.২১ লক্ষ টাকা। |
| | জিওবি | : ৫৩.২২ লক্ষ টাকা |
| | প্রকল্প সাহায্য | : ২২০.৯৯ লক্ষ টাকা। |
| অর্থায়নের উৎস | : ইউ,এন,ডি,পি, | : ২২০.৯৯ লক্ষ টাকা |
| | বাংলাদেশ সরকার | : ৫৩.২২ লক্ষ টাকা। |

পরের পাতায় - ৫

৫.১ **উপস্থাপনা ঃ**

সভাপতি মহোদয়ের অনুরোধে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় প্রকল্পটি উপস্থাপনকালে বলেন যে, বাংলাদেশে জাতীয় পর্যায়ে একটি মানবাধিকার ইনষ্টিটিউট স্থাপনের লক্ষ্যে তৃনমূল পর্যায়ে সংবিধানে স্বীকৃত মানবাধিকারসমূহ রক্ষা ও হেফাজত (Protecting & Safeguarding ) করার জন্য কৌশল উদ্ভাবন করা প্রকল্পটির প্রধান উদ্দেশ্য। এইজন্য স্থানীয় পর্যায়ে জনগনের মৌলিক অধিকার সংক্রান্ত সমীক্ষা পরিচালনা, সর্বস্তরের জনগনের সচেতনতা বৃদ্ধির জন্য মানবাধিকার লংঘন করা হইলে ক্ষতিগ্রস্থ জনগণকে আইনগত সহায়তা প্রদান সম্পর্কে এবং মৌলিক অধিকার আইনের বিষয়ে জনগনের অবগতির জন্য দেশে বাংলায় একটি ত্রৈমাসিক জার্নাল প্রকাশ এবং এতদসংক্রান্ত বিষয়ে আনসার, ভিডিপি এবং স্থানীয় জনগোষ্ঠীকে, যাহার মধ্যে মহিলা ও শিশুরাও অন্তর্ভূক্ত থাকিবে, প্রশিক্ষন প্রদান করা হইবে। সমীক্ষার ফলাফলের ভিত্তিতে সুপারিশমালা প্রনয়ন করা হইবে যাহা পরবর্তীতে মৌলিক অধিকার ও মানবাধিকার প্রশ্নে [illegible] সরকারকে নীতি নির্ধারনে সহায়তা করিবে। তিনি আরও জানান যে, "বাংলাদেশ এবং সার্ক দেশসমূহের মানবাধিকার সংক্রান্ত প্রাতিষ্ঠানিক উন্নয়নের লক্ষ্যে গবেষনামূলক সমীক্ষা প্রকল্প" শিরোনামে প্রকল্পটি বিগত ৬/১০/৯৪ ইং তারিখের বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় বিবেচিত হয় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটির উদ্দেশ্য, কাজের পরিধি, কার্যক্রম এবং সংবেদনশীল স্পর্শকাতর বিষয়সমূহ পুংখানুপুংখভাবে বিশ্লেষন ও পরীক্ষাপূর্বক বিতর্কিত বিষয়সমূহ বাদ দিয়া টিএপিপি সংশোধন করতঃ পুনঃ বিবেচনার জন্য পেশ করার সিদ্ধান্ত গ্রহীত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে টিএপিপি সংশোধনপূর্বক পুনঃবিবেচনার জন্য পেশ করা হইয়াছে।

৫.২ **আলোচনা ঃ**

৫.২.১ সভার শুরুতেই সভাপতি মহোদয় জানিতে চাহেন যে, প্রকল্পটি বাস্তবায়নে বৈদেশিক সাহায্য গ্রহন না করিয়া সম্পূর্ন স্থানীয় সম্পদে বাস্তবায়ন করা অধিকতর যুক্তিযুক্ত হইবে কিনা। এই প্রসংগে মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ইউএনডিপি প্রকল্পটি বাস্তবায়নের জন্য অর্থায়নে আগ্রহ প্রকাশ করিয়াছে বিধায় প্রকল্পটির ত্বরিৎ বাস্তবায়নের জন্য ইউএনডিপি এর সহায়তা গ্রহন যুক্তিযুক্ত হইবে।

৫.২.২ সভায় প্রকল্পটিতে বৈদেশিক পরামর্শক বিষয়ে দৃষ্টি আকর্ষন করা হইলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পটিতে বৈদেশিক পরামর্শকের কোন প্রস্তাব করা হয় নাই। সমুদয় কর্মকান্ডই স্থানীয় পরামর্শক/জনবল দ্বারাই সম্পাদন করা হইবে।

৫.২.৩ সভায় প্রকল্পটি বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদন রহিয়াছে কিনা জানিতে চাওয়া হইলে সভাকে জানান হয় যে প্রকল্পটির বাস্তবায়নের বিষয়ে মাননীয় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রীর সম্মতি রহিয়াছে। সভাকে আরও জানান হয় যে, মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রীও প্রকল্পটির বিষয়ে অবগত আছেন।

পরের পাতায়-৬

'পরিশিষ্ট 'ক'

বিগত ২৫-৪-১৯৯৫ ইং তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রনালয় প্রাক-একনেক সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়ঃ

১। জনাব মির্জা আসাদুজ্জামান আল ফারুক, সচিব।

নৌপরিবহন মন্ত্রনালয়ঃ

১। জনাব ওয়ালিউল ইসলাম, সচিব।

২। জনাব আঃ সামাদ, যুগ্ম-প্রধান।

স্থানীয় সরকার বিভাগঃ

১। জনাব সৈয়দ মুশাররফ হোসেন, মহা-পরিচালক।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রনালয়ঃ

১। জনাব আবদুল আউয়াল চৌধুরী, উপ-সচিব (পরিকল্পনা)।

পানি সম্পদ মন্ত্রনালয়ঃ

১। জনাব মোঃ বদিউজ্জামান, উপ-প্রধান।

অর্থ বিভাগঃ

১। জনাব এম, সি, খান, উপ-সচিব।

প্রতিরক্ষা মন্ত্রনালয়ঃ

১। জনাব মোঃ আবদুল মজিদ, উপ-সচিব

বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগঃ

১। জনাব মোঃ আবদুল খালেক, মহাপরিচালক।

২। জনাব এ, কে, এম, ফারুক, পরিচালক।

৩। জনাবা হোসনে আরা বেগম, উপ-পরিচালক।

৪। জনাব খালেদুর রহমান সহকারী পরিচালক।

৫। জনাব আবদুল ওয়াদুদ, সহকারী পরিচালক।

৬। জনাব মোঃ রবিউল ইসলাম, সহকারী পরিচালক ঃ

অপর পাতা ২য়ঃ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
---

১। জনাব মোঃ শাহজাহান , উপ - সচিব ।
২। জনাব [redacted] বি এম গোলাম মাওলা ভুইয়া, উপ-সচিব ।
৩। জনাব মোঃ হেদায়েত উল্লাহ চৌধুরী , সিনিয়র সহকারী সচিব ।
৪। জনাব গোলাম ছরোয়ার হাওলাদার , গবেষনা কর্মকর্তা ।

কার্যক্রম বিভাগ , পরিকল্পনা কমিশন ।
---

১। জনাব মোঃ ফজলুর রহমান, উপ - প্রধান ।

পানি উন্নয়ন বোর্ড ঃ
---

১। জনাব মোঃ মেসের আলী খান, প্রধান প্রকৌশলী ।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ
---

১। জনাব আমিন উদ্দিন মিয়া, প্রধান প্রকৌশলী
২। জনাব ফরিদউদ্দিন আহমদ মিয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী , পরিকল্পনা ।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ
---

১। জনাব কামরুল ইসলাম সিদ্দিকী, প্রধান প্রকৌশলী ।

সমুদ্র পরিবহন অধিদপ্তর ঃ
---

১। জনাব [redacted],[redacted]স, এম ফতেহলোহানী, অধ্যক্ষ নাবিক প্রশিক্ষন কেন্দ্র, চট্টগ্রাম ।

বাংলাদেশ জরীপ অধিদপ্তর ঃ
---

১। -জনাব শাহেদুল ইসলাম মন্ডল , সার্ভেয়ার জেনারেল।

বাংলদেশ অভ্যন্তরীন নৌ- পরিবহন কর্তৃপক্ষ ।
---

১। জনাব [redacted] এইচ এম রেজাউল করিম, সদস্য (অর্থ)
২। জনাব মোঃ শমশের আলী, পরিচালক পরিকল্পনা ।
৩। জনাব আবুল মোকাররম, পরিচালক ( হাইড্রোগ্রাফী )
৪। জনাব এ,কে,এম নুরুল আলম, উর্ধতন পরিচালক , জরীপ ।

বাংলাদেশ বিমান ঃ
---

১। জনাব সিদ্দিকুর রহমান, মহাব্যবস্থাপক ( পরিকল্পনা )
২। জনাব মোঃ বেলায়েত হোসেন, সহকারী ব্যবস্থাপক ( পরিকল্পনা )

স্পার্সো
---

১। জনাব ডঃ আবদুল মান্নান সরদার মূখ্য বিজ্ঞানিক কর্মকর্তা ।

বাংলাদেশ মানবাধিকার কমিশন ঃ
---

১। জনাব কে,এম, হক, প্রকল্প সমন্বয়কারী ।
২। বেগম নাসরিন আহমদ ।
৩। জনাব মোঃ সাইফুল ইসলাম দিলদার ।

ভৌত অবকাঠামো বিভাগ পরিকল্পনা কমিশন ঃ
---

১। জনাব রফিদুল ইসলাম খান, বিভাগীয় প্রধান ।
২। জনাব আবদুর রহিম ভুঁইয়া, যুগ্ম-প্রধান ।
৩। জনাব আব্বাস আলী মিয়া, উপ-প্রধান
৪। জনাব মাহমুদুল হাসান, উপ-প্রধান।
৫। জনাব মোঃ ইয়াকুব আলী , সহকারী প্রধান
৬। ডঃ মোহাম্মদ মহিউদ্দিন আবদুল্লাহ সহকারী প্রধান ।
৭। জনাব এস এম জহীর খান, সহকারী প্রধান
৮। জনাব খন্দকার আহসান হোসেন, গবেষনা কর্মকর্তা
৯। জনাব মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, গবেষনা কর্মকর্তা
১০। জনাব একে জে এম মকসুদুল আরেফিন, গবেষনা কর্মকর্তা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
ভৌত অবকাঠামো বিভাগ
ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং

নং- পক/ভৌপপাগৃ/বিবিধ-৩৭/৯৩(অংশ-১)/২৮৩, তারিখঃ ১০-১০-১৯৯৪ ইং
২৫-৬-১৪০১ বাং

পরিকল্পনা কমিশনের সদস্য (ভৌত অবকাঠামো) জনাব মুশফিকুর রহমান এর সভাপতিত্বে ২২-৯-১৯৯৪ ইং/৭-৬-১৪০১ বাং তারিখে অনুষ্ঠিত বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি/আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হইল।

(মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী)
গবেষনা কর্মকর্তা

বিতরণঃ

১। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, মহিলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১০। বিভাগীয় প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
১২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ মানবাধিকার কমিশন, ২৭৮ গুলবাগ (নীচতলা), ঢাকা-১২১৭।

৮০২৬

নং- পক/ভৌপপাগৃ/বিবিধ-৩৭/৯৩(অংশ-১)/২৮৩, তারিখঃ ১০-১০-১৯৯৪ ইং
২৫-৬-১৪০১ বাং

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। একান্ত সচিব, সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, ঢাকা।
২। ব্যক্তিগত সহকারী, বিভাগীয় প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। ব্যক্তিগত সহকারী, যুগ্ম-প্রধান, ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

(মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী)
গবেষনা কর্মকর্তা

/সাদেক সরকার/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
ভৌত অবকাঠামো বিভাগ
ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং

বিষয় : ২২/৯/৯৪ ইং তারিখে অনুষ্ঠিত বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি/আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী ।

বিগত ২২/৯/৯৪ ইং তারিখে পরিকল্পনা কমিশনের সদস্য জনাব মুশফিকুর রহমান এর সভাপতিত্বে বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি/আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় । সভায় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মোট ২টি প্রকল্প বিবেচিত হয় । সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' এ দ্রষ্টব্য ।

আলোচ্যসূচী - ১ :

| | |
|---|---|
| প্রকল্পের নাম | : "বাংলাদেশ এবং সার্ক দেশের মানবাধিকার সংক্রান্ত প্রাতিষ্ঠানিক উন্নয়নের লক্ষ্যে গবেষনামূলক সমীক্ষা প্রকল্প।" |
| উদ্যোগী মন্ত্রণালয় | : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় । |
| বাস্তবায়নকারী সংস্থা | : প্রকল্পটি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ মানবাধিকার কমিশনের মাধ্যমে বাস্তবায়ন করার প্রস্তাব করিয়াছে । |
| প্রাক্কলিত ব্যয় | : ২৭০.২২ লক্ষ টাকা । |
| অর্থায়নের উৎস | : ইউ,এন,ডি,পি, - জি ও বি অনুদান । |

১। আলোচনা ও সিদ্ধান্ত :

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উপযুক্ত পর্যায়ের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সভাপতি মহোদয় প্রকল্পটির বিবেচনা স্থগিত রাখার সিদ্ধান্ত এবং পরবর্তী সভায় প্রকল্পটি বিবেচনার জন্য পেশ করার নির্দেশ প্রদান করেন ।

আলোচ্যসূচী-২ :

| | |
|---|---|
| প্রকল্পের নাম | : "কে,ডি,এ, কর্তৃক নির্মিত আন্তঃজেলা বাস টার্মিনালে মৌলিক সুযোগ সুবিধা সম্প্রসারন" । |
| উদ্যোগী মন্ত্রণালয় | : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় । |
| বাস্তবায়নকারী সংস্থা | : খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (খুউক) । |

পরের পাতায় - ২

প্রাক্কলিত ব্যয় : ১৮৮'৬৪ লক্ষ টাকা ।

অর্থায়নের উৎস : বাংলাদেশ সরকারের অনুদানের প্রস্তাব করা হইয়াছে ।

১। উপস্থাপনা :

সভাপতি মহোদয়ের অনুরোধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি প্রকল্পটি উপস্থাপন করিয়া বলেন যে, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নির্মিত আন্তঃজেলা বাস টার্মিনাল এর কতিপয় মৌলিক সুযোগ সুবিধা প্রদান এবং কার্যক্রম সম্প্রসারনের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাব করা হইয়াছে । তিনি আরও বলেন যে, ১৯৮৪-৮৫ সালে ৫'০৬ হেক্টর জমি হুকুমদখল করিয়া ২'০২ হেক্টর জমি উন্নয়নের মাধ্যমে ১১৫'০৬ লক্ষ টাকা ব্যয়ে এই বাস টার্মিনালটি নির্মাণ করা হয় । বর্তমানে বাস টার্মিনালটিতে অভ্যন্তরীন রাস্তা নির্মাণ, বাস পার্কিং, কেন্টিন, ওয়াশিং, টয়লেট, সেপটিক ট্যাংক, সার্ফেস ড্রেন, গভীর নলকূপ স্থাপন, বিদ্যুৎ ও কম্পাউন্ড লাইট প্রভৃতি মৌলিক সুযোগ সুবিধার ব্যবস্থাকরনের প্রস্তাব করা হইয়াছে ।

২। আলোচনা :

সভার শুরুতে সভাপতি মহোদয় জানিতে চান যে, প্রকল্পটি নিজস্ব সম্পদে বাস্তবায়ন করা যায় কিনা । এই প্রসংগে মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে জানান যে, সংস্থার সম্পদের স্বল্পতাহেতু এই প্রকল্পের ব্যয় সরকারী অনুদানে মিটানোর প্রস্তাব করা হইয়াছে । সভায় উল্লেখ করা হয় যে, যেহেতু খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ একটি অর্থ উপার্জনকারী সংস্থা সেহেতু ইহা সরকারী অনুদানে বাস্তবায়ন করা সমীচীন হইবে না । এই প্রেক্ষিতে সভাপতি মহোদয় বিদ্যমান বাস স্ট্যান্ড হইতে বর্তমানে কত আয় হয় এবং প্রকল্পটি সরকারী ঋণের মাধ্যমে বাস্তবায়ন করিলে সংস্থা কর্তৃক এই ঋণ পরিশোধ করা সম্ভব হইবে কিনা জানিতে চাহিলে মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে বিদ্যমান বাসস্ট্যান্ড হইতে কিছুটা আয় হয় তবে ইহা পর্যাপ্ত নহে । সভায় ঐকমত্য হয় যে প্রকল্পটি পরীক্ষা নিরীক্ষা করিয়া Cost Recovery Basis - এ ঋণের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে Cost Recovery Schedule- সহ পরিকল্পনা কমিশনে পুনঃ বিবেচনার জন্য পেশ করিতে হইবে । বাস্তবায়ন সংস্থা এ ব্যাপারে বাস ট্রাক মালিক সমিতির সহিত আলোচনা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবে ।

৪। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

(ক) প্রকল্পটি ঋণের মাধ্যমে Cost Recovery Basis- এ বাস্তবায়ন নীতিগতভাবে প্রকল্পটি গ্রহনযোগ্য ।

(খ) উপরের (ক) সিদ্ধান্তের প্রেক্ষিতে বাস টার্মিনাল ব্যবহারকারী বাস-ট্রাক মালিক সমিতির সাথে আলোচনার মাধ্যমে ইহা Cost Recovery Basis - এ বাস্তবায়নের লক্ষ্যে সুস্পষ্ট প্রস্তাবসহ প্রকল্প সার-পত্র পরিকল্পনা কমিশনে পুনঃ বিবেচনার জন্য পেশ এবং ঋণের অর্থের Repayment Schedule প্রকল্প সার-পত্রের সাথে সংযুক্ত করিতে হইবে ।

৫। সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন ।

স্বাক্ষরিত :- ৬/১০/৯৪ ইং
(মুশফিকুর রহমান)
সদস্য (ভৌত অবকাঠামো)
পরিকল্পনা কমিশন ।

পরিশিষ্ট 'ক'

বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি
২২/১/৯৪ ইং তারিখে অনুষ্ঠিত/ আনুঃ মন্ত্রণালয়
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা

অর্থ বিভাগ

১। জনাব এম, সি, খান, উপ-সচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

১। জনাব আশরাফুল ইসলাম, সিনিয়র সহকারী জজ (সহকারী সচিব)।

সংস্থাপন মন্ত্রণালয়

১। জনাব শেখ হাসিবুর রহমান, উপ-সচিব।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

১। জনাব মোঃ আশরাফ উদ্দিন, যুগ্ম-সচিব (উন্নয়ন)।
২। জনাব নুরুল হোসেন, সহকারী প্রধান।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

১। জনাব মোঃ আবদুল মালেক, মহাপরিচালক।
২। জনাব জয়ন্ত কুমার নন্দী, উপ-পরিচালক।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

১। জনাব মোঃ লিয়াকত আলী, গবেষনা কর্মকর্তা।

কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

১। জনাব মোঃ মনিরুল হক, যুগ্ম-প্রধান।

মানবাধিকার কমিশন

১। জনাব কে,এম, হক, প্রকল্প পরিচালক।
২। বেগম নাসরিন আহমেদ, এসোসিয়েট।

ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

১। জনাব মোঃ রফিদুল ইসলাম খান, বিভাগীয় প্রধান।
২। জনাব আবদুর রহিম ভূইয়া, যুগ্ম-প্রধান।
৩। জনাব আব্বাস আলী মিয়া, উপ-প্রধান।
৪। জনাব মোঃ ইয়াকুব আলী, সহকারী প্রধান।
৫। জনাব এস,এম, জহির খান, সহকারী প্রধান।
৬। জনাব মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, গবেষনা কর্মকর্তা।

অতি জরুরী

বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং

.......

নং-পক/ভৌপপাগৃ/এলজিডি/ডি-ওয়াসা-১২/৯৪/২৮৫, তারিখঃ ৩০-১০-১৯৯৪ ইং
১৫-৭-১৪০১ বাং

বিষয়ঃ বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (ভৌত অবকাঠামো) জনাব মুশফিকুর রহমান এঁর সভাপতিত্বে গত ৬-১০-৯৪ইং তারিখে অনুষ্ঠিত বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির ( SPEC ) সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে নির্দেশক্রমে প্রেরন করা হইল।

৩০/১০/৯৪
(মোঃ ইয়াকুব আলী)
সহকারী প্রধান।

বিতরনঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রনালয় (ও এন্ড এম উইং), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। সচিব, বন ও পরিবেশ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১০। বিভাগীয় প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১১। চেয়ারম্যান, ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, কাওরান বাজার, ঢাকা।
৮৫৩০ ১২। চেয়ারম্যান, বাংলাদেশ মানবাধিকার কমিশন, ২৭৮, গুলবাগ (নীচ তলা), ঢাকা।

নং-পক/ভৌপপাগৃ/এলজিডি/ডি-ওয়াসা-১২/৯৪/২৮৫, তারিখঃ ৩০-১০-৯৪ ইং
১৫-৭-১৪০১ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ

১। সদস্য (ভৌত অবকাঠামো) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, ঢাকা।
২। বিভাগীয় প্রধান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং, পরিকল্পনা কমিশন, ঢাকা।

৩০/১০/৯৪
(মোঃ ইয়াকুব আলী)
সহকারী প্রধান।

আলোচ্য সূচী - ২ ঃ

৭। প্রকল্পের নাম ঃ " বাংলাদেশ এবং সার্ক দেশসমূহের মানবাধিকার সংক্রান্ত প্রাতিষ্ঠানিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা মূলক সমীক্ষা প্রকল্প । "

৮। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ আইন, [illegible]

(ক) উদ্যোগী মন্ত্রণালয় ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ।

(খ) বাস্তবায়নকারী সংস্থা ঃ মন্ত্রণালয় বাংলাদেশ মানবাধিকার কমিশনের মাধ্যমে বাস্তবায়ন করার প্রস্তাব করিয়াছে ।

৯। প্রাক্কলিত ব্যয় ঃ

(ক) মোট ঃ ২৭০.২২ লক্ষ টাকা ।

(খ) জি ও বি ঃ ৩৭.৭২ লক্ষ টাকা ।

(গ) প্রকল্প সাহায্য ঃ ২৩২.৫০ লক্ষ টাকা ।

১০। উপস্থাপনা ঃ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি প্রকল্পটি উপস্থাপন করিয়া বলেন যে, বর্তমানে বিশ্ব ব্যাপী মানবাধিকার ও গণতন্ত্রায়নের ক্ষেত্রে পরিবর্তন পরিলক্ষিত হইতেছে। বিশ্বের অনগ্রসর সরকারসমূহ মানবাধিকার সংরক্ষণে প্রাতিষ্ঠানিক উন্নয়নের প্রয়াস চালাইতেছে । দক্ষিণ এশিয়ার দেশ সমূহে ক্রমাগত মানবাধিকার লংঘন এই অঞ্চলে কার্যকরী আঞ্চলিক মানবাধিকার প্রথা ( conventions ) ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের ক্ষেত্র প্রস্তুত করিয়াছে । এই প্রেক্ষিতে বাংলাদেশ এবং সার্কভুক্ত দেশসমূহে মানবাধিকার সংক্রান্ত প্রাতিষ্ঠানিক উন্নয়নের প্রস্তাব করা হইয়াছে । প্রকল্পটির প্রধান উদ্দেশ্য হইতেছে ঃ

(ক) জাতীয় আইন এবং আঞ্চলিক মানবাধিকার প্রথা ( conventions ) সংক্রান্ত খসড়া প্রণয়ন ।

(খ) সার্কভুক্ত দেশসমূহ জাতীয় ও আঞ্চলিক মানবাধিকার প্রথা তথা আন্তর্জাতিক মানবাধিকার নীতিসমূহ মানিয়া চলিতেছে কিনা তাহা যাচাই/পরিবীক্ষণের জন্য একটি কৌশল উদ্ভাবন ।

(গ) জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ে মানবাধিকার লংঘনের ফলে ক্ষতিগ্রস্থদের পর্যাপ্ত আইনানুগ সহায়তা প্রদান এবং

(ঘ) মানবাধিকার প্রশ্নে সরকারী নীতির পর্যালোচনা, পরিবীক্ষণ ও সুপারিশ প্রণয়ন ইত্যাদি ।

পরের পাতায় - ৫

১১। আলোচনা ঃ

১১.১ আলোচনার প্রারম্ভে প্রকল্পটির বাস্তবায়ন সংস্থা নির্ধারন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। এই প্রসংগে মন্তব্য করা হয় যে, বাংলাদেশ মানবাধিকার কমিশন একটি বেসরকারী সংস্থা বিধায় ইহাকে টিএপিপিতে বাস্তবায়নকারী সংস্থা হিসাবে দেখানো সমীচীন হইবেনা। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়ই প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা হিসাবে থাকিবে। প্রয়োজনবোধে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয় বাংলাদেশ মানবাধিকার কমিশনের সহায়তায় প্রকল্পটি বাস্তবায়ন করিতে পারে।

১১.২ টিএপিপি পরীক্ষান্তে দেখা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রীর অনুমোদন নাই। টিএপিপিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়ের যুগ্ম-সচিব পদমর্যাদার কোন কর্মকর্তার স্বাক্ষর ও নাই। প্রকল্পটি গ্রহনে সংশ্লিষ্ট মন্ত্রীর অনুমোদন এবং টিএপিপিতে যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তার স্বাক্ষর অপরিহার্য। ইহা ছাড়া, প্রকল্পটির শিরোনাম নিম্নোক্ত ভাবে সংশোধনের জন্য সভায় ঐক্যমত প্রতিষ্ঠিত হয়ঃ

" TAPP on Action Research Study on the Institutional Development of Human Rights in Bangladesh and Experiences in Asian Countries. "

১১.৩ আলোচনাকালে দেখা যায় যে, প্রকল্প শিরোনামে মানবাধিকার সংক্রান্ত প্রাতিষ্ঠানিক উন্নয়নের কথা বলা হইলেও টিএপিপিতে এই সম্পর্কে কোন সুষ্ঠু এবং নির্দিষ্ট প্রাতিষ্ঠানিক ব্যবস্থা প্রনয়নের রূপরেখা প্রদান করা হয় নাই। টি এ পিপিতে প্রাতিষ্ঠানিক উন্নয়নের রূপরেখা সম্বলিত তথ্য প্রদান বাঞ্ছনীয় বলিয়া সভায় মত পোষন করা হয়। ইহা ছাড়া, টিএপিপিতে প্রকল্পটির উদ্দেশ্য/লক্ষ্য অর্জনে দেশের শাসনতন্ত্র, আইন, কনভেনশনস, মৌলিক অধিকার, নিরাপত্তা প্রভৃতি অতীব স্পর্শকাতর বিষয়কে সম্পৃক্ত করা হইয়াছে যাহা গ্রহনযোগ্য নহে। এই প্রেক্ষিতে প্রকল্পটি বাস্তবায়নে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয় দেশের প্রচলিত আইন এবং মানবাধিকার সংরক্ষনের উপর সমীক্ষা ইত্যাদি প্রনয়নের নিমিত্ত যে প্রস্তাব করা হইয়াছে তাহা সুষ্ঠু ভাবে পরীক্ষা নিরীক্ষাপূর্বক ইহা পুনঃ নির্ধারন করিবে। প্রকল্প প্রস্তাবে প্রচলিত আইনগত দিক হইতে কোন বিতর্কিত বিষয়ে সমীক্ষায় পর্যালোচনা এবং পরিবর্তনের প্রস্তাব প্রকল্প ছক হইতে বাদ দিয়া প্রকল্পটির উদ্দেশ্য, পরিধি ও কার্যক্রম পুনঃনির্ধারন করিবে এবং প্রাতিষ্ঠানিক কাঠামো গঠন করিয়া ভবিষ্যতে দেশের আইন, প্রনয়ন এবং মানবাধিকার প্রতিষ্ঠা করার বিষয়ে উন্নতি সাধনে কিভাবে সমীক্ষাটি সহায়ক ভূমিকা এবং সুষ্ঠু অবদান রাখতে পারে তাহার উপর গুরুত্ব আরোপ করিবে।

পরের পাতায় - ৬

পরিশিষ্ট 'ক'

৬-১০-৯৪ ইং তারিখে অনুষ্ঠিত বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ঃ

১। জনাব খন্দকার মোঃ আবু বকর , সলিসিটর ।

২। জনাব আশরাফুল ইসলাম খান, সিনিয়র সহকারী জজ ।

স্থানীয় সরকার বিভাগ ঃ

১। জনাব সৈয়দ মুশাররফ হোসেন, মহা-পরিচালক ।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ঃ

১। জনাব মোঃ আমিনুর রহমান, যুগ্ম-সচিব ।

২। জনাব এ,কে,এম, খায়রুল আনম, উপ-প্রধান ।

৩। জনাব গোলাম ছরোয়ার হাওলাদার, গবেষণা অফিসার ।

অর্থ বিভাগ ঃ

১। জনাব আবদুর রউফ তালুকদার, সিনিয়র সহকারী সচিব ।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ঃ

১। জনাব আবদুল মান্নান তালুকদার, মহা পরিচালক ।

২। জনাব এম,এম, রশীদ, পরিচালক ।

৩। জনাব এ,কে,এম, ফারুক , পরিচালক ।

৪। জনাবা নাসরিন বাহার, উপ-পরিচালক ।

ঢাকা ওয়াসা ঃ

১। জনাব নজির আহমদ, চেয়ারম্যান ।

২। জনাব এস,এ, মালেক, উপ-প্রধান ।

৩। জনাব এম,এ, জলিল, সহকারী প্রধান ।

বাংলাদেশ মানবাধিকার কমিশন ঃ

১। জনাব কাজী আবদুর রেজ্জাক, সভাপতি ।

২। এডঃ নাসরিন আহমেদ, এসোসিয়েট ।

৩। এডঃ কে,এম, হক, প্রকল্প পরিচালক ।

পরিকল্পনা কমিশন ঃ

১। জনাব রফিদুল ইসলাম, খান, বিভাগীয় প্রধান ।

২। জনাব আবদুর রহিম ভুইয়া, যুগ্ম-প্রধান, ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং,

৩। জনাব মোঃ আব্বাস আলী মিয়া, উপ-প্রধান, -ঐ-

৪। জনাব মোঃ ইদ্রিস আলী দেওয়ান, উপ-প্রধান, কার্যক্রম বিভাগ ।

৫। জনাব মোঃ ইয়াকুব আলী, সহকারী প্রধান, ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং ।

--------- X ---------